দামুড়হুদার হাউলী ইউনিয়নে জাতীয় স্থানীয় সরকার দিবস পালিত

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে জাতীয় স্থানীয় সরকার দিবস ২০২৫ যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে ইউনিয়ন পরিষদের আয়োজনে নানা কর্মসূচি গ্রহণ করা হয়।

এর মধ্যে সকালে ইউনিয়ন পরিষদ চত্বরে জাতীয় পতাকা উত্তোলন ও বর্ণাঢ্য র্যালির মাধ্যমে দিনের কার্যক্রম শুরু হয়। র্যালিটি ইউনিয়নের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে।

পরে ইউনিয়ন পরিষদ মিলনায়তনে এক আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় স্থানীয় সরকার ব্যবস্থার গুরুত্ব, জনসেবায় ইউনিয়ন পরিষদের ভূমিকা এবং উন্নয়ন কর্মকাণ্ড বিষয়ে আলোচনা করা হয়।

অনুষ্ঠানে হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দিন এর সভাপতিত্বে আলোচনা সভায় তিনি স্থানীয় সরকারের উন্নয়ন কার্যক্রম তুলে ধরে বক্তব্য দেন।

এছাড়া, ইউপি সদস্য, বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধি, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ও সাধারণ জনগণও অনুষ্ঠানে অংশ নেন।

সময় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা বিএনপির সহসভাপতি সলেমান মল্লিক, হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী, সাধারণ সম্পাদক নাফিজ আক্তার সিদ্দিকী, হাউলী ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা মনিরুজ্জামান, ইউপি সদস্য জাহাঙ্গীর আলম টিক্কা, রিকাত আলী সহ ইউনিয়নের সকল ইউপি সদস্য বৃন্দ।

সভা শেষে ইউনিয়ন পরিষদের সেবাগুলো সহজে জনগণের কাছে পৌঁছে দিতে জন্মনিবন্ধন, নাগরিক সনদ ও অন্যান্য সেবা প্রদান করা হয়। এই আয়োজনের মাধ্যমে স্থানীয় সরকার ব্যবস্থার প্রতি জনগণের আস্থা ও সচেতনতা বৃদ্ধি পেয়েছে বলে আয়োজকরা মনে করেন।

[redacted]

[redacted]

মেহেরপুরে শ্যামপুর ইউনিয়নের নেতাকর্মীর সাথে জেলা বিএনপির সাক্ষাৎকার

মেহেরপুর সদর উপেজলার শ্যামপুর ইউনিয়নের নেতাকর্মীর সাথে জেলা বিএনপির সাক্ষাৎকার করা হয়। আজ রবিবার রাত ৯ টার দিকে মেহেরপুর জেলা বিএনপির কার্যালয় শ্যামপুর ইউনিয়নের ১, ২, ৫, ৭, ৮, ৯, নং ওয়ার্ডের বিএনপি’র নেতা কর্মীর সাথে সাক্ষাৎকার আলোচনা সভা আয়োজন করা হয়েছে।

মেহেরপুর সদর উপজেলা শ্যামপুর ইউনিয়নের বিএনপি নেতা আবুল হাশেমের নেতৃত্বে আলোচনা সভায় অনুষ্ঠানে এই সময় উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, জেলা যুগ্ম আহবায়ক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ,জেলা বিএনপির

সদস্য আলমগীর ছাতু, খাইরুল বাশার হাফিজুর রহমান, মোছাঃ রোমানা আহম্মদ, রেজাউল হক, অন্যান্য উপস্থিত ছিলেন শামসুর রহমান সুইট, ফজলুর রহমান, মোমিনুল ইসলাম, জলিল ইসলাম, সাইরুল ইসলাম, সোহেল রানা, পলাশ আহমেদ, রিয়াজুল ইসলাম,

কাবরান হোসেন, আরিফ হোসেন শাহেব উদ্দিন, আলী উদ্দিন, আবু বক্কর, উজ্জল, জলিল, ইয়াকুব, গোলাম, জামিরুল ইসলাম, ইসলাম, আকুল, সহ শ্যামপুর ইউনিয়নের নেতাকর্মীর উপস্থিত ছিলেন।

মেহেরপুরের আমঝুপি ইউনিয়ন বিএনপি’র কর্মী সমাবেশ

রাষ্ট্র কাঠামো মেরামত ৩১ দফা ও জনসম্পৃক্তি সফল করার লক্ষ্যে আমঝুপি ইউনিয়ন বিএনপি’র ১ নং ওয়ার্ড খোকসা গ্রামের কর্মী সমাবেশে অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহে শ্রমিক ইউনিয়নের অর্থ প্রদান

ঝিনাইদহে জেলা ট্রাক-ট্রাক্টর, কভার্ড ভ্যান ট্যাংকলরী শ্রমিক ইউনিয়নের উদ্যোগে মৃত সদস্যদের পরিবারেরমাঝে নগদ অর্থ প্রদান করা হয়েছে। সোমবার (২০ জানুয়ারি) দুপুরে জেলা শ্রমিক ইউনিয়নের কার্যালয়েএই অনুদানের নগদ অর্থ প্রদান করা হয়।

জেলা ট্রাক-ট্রাক্টর,কভার্ড ভ্যান ট্যাংকলরি শ্রমিকইউনিয়নের সভাপতি মো. মাসুদ রানার সভাপতিত্বে জেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট এম এমজিদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ট্রাক শ্রমিক ইউনিয়নের মৃত সদস্যদের পরিবারের সদস্যদের হাতে অনুদানের নগদ অর্থ তুলে দেন।

ওয়ালিয়ার রহমানের সঞ্চালনায় অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামানমনা, সিনিয়র যুগ্ম সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক সাজেদুররহমান পপ্পু, সদর উপজেলা বিএনপির সভাপতি কামাল আজাদ পান্নু, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক চেয়ারম্যান আলমঙ্গীর হোসেন আলম, পৌর বিএনপির সাধারণ সম্পাদকমাহমুদুর রহমান শেখর প্রমুখ।

এ সময় ট্রাক শ্রমিক ইউনিয়নের ১১জন মৃত সদস্যের পরিবারের মাঝে নগদ ৮ লাখ ৬০ হাজার টাকা ও দুইজন অবসর প্রাপ্ত সদস্যকে ১ লাখ ৮০ হাজার টাকা প্রদান করা হয়।

আন্তঃ ইউনিয়ন ফুটবল টুর্নামেন্টে বারাদি ইউনিয়ন

[redacted]

[redacted] [redacted] [redacted] [

মেহেরপুরে আন্ত: ইউনিয়ন ফুটবল প্রতিযোগিতার উদ্বোধন

“এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই” এই প্রতিপাদ্যে তারুণ্যর উৎসব নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে মেহেরপুর সদর উপজেলা পর্যায়ে আন্তঃ ইউনিয়ন ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।

বুধবার (১৫ই জানুয়ারি) দুপুর দুইটার দিকে মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের আয়োজনে জেলা স্টেডিয়াম এই ফুটবল প্রতিযোগিতার উদ্বোধন করা হয়।

সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মোঃ রনি আলম নূর।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা সহকারী কমিশনার ভূমি অফিসার গাজী মূয়ীদুর রহমান, সদর থানার অফিসার ইনচার্জ শেখ মেজবাহ উদ্দিন, পি.আই.ও সাইদুর রহমান, সমাজসেবা অফিসার আছিসুর রহমান, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার মোঃ ররিকুল ইসলাম, আমদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান টোকন, কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সেলিম রেজা, বৈষম্য ছাত্র আন্দোলনের আহবায়ক ইমতিয়াজ আহমেদসহ বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরের শ্যামপুর ইউনিয়নে বিএনপি’র ঐতিহাসিক জনসভা

মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়ন বিএনপির উদ্যোগে ঐতিহাসিক জনসভার আয়োজন করা হয়। বৃহস্পতিবার বিকেলে শ্যামপুর ক্লাব বাজারে এই ঐতিহাসিক জনসভা অনুষ্ঠিত হয়।

শ্যামপুর ইউনিয়ন বিএনপির অন্যতম নেতা মোফাজ্জেল হোসেনের সভাপতিত্বে মেহেরপুর জেলা বিএনপির আহবায়ক জাভেদ মাসুদ মিল্টন

বলেন এই বিএনপি আপনাদের বিএনপি, জনগণের বিএনপি, জাভেদ মাসুদ মিলটনের বিএনপি নয়, সুতরাং আপনাদের সিদ্ধান্ত আপনাদের কেই নিতে হবে, আগামী দিনের বিএনপি কিভাবে চলবে মেহেরপুর জেলাতে, আজকে আপনাদের সামনে আমি বার্তা দিতে এসেছি, আমি আপনাদের সামনে প্রতিশ্রুতি দিয়ে গেলাম জননেতা জনাব তারেক রহমান যে আস্থা এবং বিশ্বাস নিয়ে আমাদেরকে আপনাদের সামনে পাঠিয়েছে আমি প্রতিশ্রুতি দিয়ে গেলাম সেই আস্থার বিন্দুমাত্র ব্যত্যয় ঘটবে না । গ্রাম থেকে শুরু করে জেলা পর্যন্ত প্রত্যেকটি নেতা নির্বাচন করবেন আপনারা।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান ও যুগ্ম আহবায়ক ফয়েজ মোহাম্মদ।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক সিনিয়ার সহ-সভাপতি ইলিয়াস হোসেন, সাবেক সহ-সভাপতি আলমগীর খান ছাতু, সহ-সভাপতি আনছা-উল -হক, হাফিজুর রহমান হাফি, ওমর ফারুক লিটন, সাবেক সাংগঠনিক সম্পাদক রুমানা আহমেদ, সহ সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাউসার আলী, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, জেলা যুবদলের সহ সভাপতি আনিসুল হক লাভলু, জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক আসাদুল হক, জেলা ছাত্রদলের সাবেক সিনিয়র সহ-সভাপতি অ্যাডভোকেট মীর আলমগীর ইকবাল (আলম), জেলা যুবদলের আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা ছাত্রদলের সাবেক সহ-সভাপতি ফিরোজুর রহমান, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি, আব্দুল লতিফ, মোশিউল আলম দিপু, নাহিদ আহম্মেদ সহ জেলা বিএনপি’র অঙ্গসংগঠনের বিভিন্ন নেতৃবৃন্দ ও সাধারণ মানুষেরা উপস্থিত ছিলেন।

ঐতিহাসিক জনসভায় সঞ্চালনা করেন মেহেরপুর সদর উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব ইলিয়াস হোসেন, এ সময় স্বাগত বক্তব্য রাখেন মেহেরপুর সদর উপজেলা যুবদলের যুগ্ম আহবায়ক সহিদুল ইসলাম।

মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়ন বিএনপির উদ্যোগে ঐতিহাসিক জনসভায় শ্যামপুর ইউনিয়ন বিএনপির নেতা আব্দুল হাশেমের নেতৃত্বে বিশাল একটা মিছিল নিয়ে উপস্থিত হন।

হরিণাকুণ্ডু ইউনিয়নের স্কুল কলেজ দখল ইউপি চেয়ারম্যান ঝন্টুর কোটি টাকার নিয়োগ বাণিজ্য!

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার কাপাশহাটীয়া ইউনিয়নের চেয়ারম্যান শরফতদৌলা ঝন্টু ইউনিয়নের স্কুল কলেজ দখল করে বাবা, ভাই ও অনুসারিদের সভাপতি বানিয়ে কোটি টাকার উপরে নিয়োগ বাণিজ্য করেছে। ইউনিয়নে তার ভয়ে কথা বলারমত শাহস করতেন না কেউ। স্কুল, কলেজ হাট বাজার, বাউড় সবই ছিল তার দখলে। তিনি কখনো আওয়ামী লীগের এমপি, কখনো উপজেলা চেয়ারম্যান, কখনো দলীয় নেতাদের লাঠিয়াল বাহিনি হয়ে একাধিক মানুষের উপর হামলা ও মারধর করেছেন। শেখ হাসিনা সরকারের পতনের পর একের পর এক সবাই মুখ খুলতে শুরু করেছে।

ঝন্টু চেয়ারম্যান তার ইউনিয়নেনর ঘোড়াগাছা লাল মোহাম্মদ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষক, ল্যাব সহকারী, অফিস সহায়ক, আয়া, নিরাপত্তা কর্মী, পরিচ্ছন্নতা কর্মী ও নৈশ প্রহরী নিয়োগ দিয়ে ৮২লক্ষ টাকা বাণিজ্য করেছে। গত ২০২২/২০২৩ সালে এই নিয়োগ সম্পন্ন করেণ। এর মধ্যে প্রধান শিক্ষক পদে শিল্পি খাতুনের নিকট থেকে ৪ লাখ, সহকারী প্রধান শিক্ষক মোহন কুমারের নিকট থেকে ১৫ লাখ, অফিস সহায়ক আকিমুলের নিকট থেকে ৯লাখ, ল্যাব সহকারী তানভিরের নিকট থেকে ১৪ লাখ, আয়া রুমানার নিকট থেকে ১০ লাখ, পরিচ্ছন্নতা কর্মী মুন্নার নিকট থেকে ৯লাখ, নিরাপত্তা কর্মী অচিন্তের নিকট থেকে ১১ লাখ ও নৈশ প্রহরী দুর্জয় এর নিকট থেকে ১০ লাখ ঘুষ নিয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।
এছাড়া বাবা গোলাম রহমানকে ভাতুড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি বানিয়ে ৩জন কর্মচারী নিয়োগ দিয়ে ২২লাখ টাকার নিয়োগ বাণিজ্য করেছে। এর মধ্যে অফিস সহায়ক শাহীন এর নিকট থেকে ৮লাখ, নিরাপত্তা কর্মী মানোয়ার হোসেন মন্টুর নিকট ৯লাখ এবং পরিচ্ছন্না কর্মী রাম কুমার বাশফোড়ের নিকট থেকে ৫ লাখ টাকা হাতিয়ে নিয়েছে।

এছাড়াও ছোট ভাই এ্যাড. আশরাফুল ইসলামকে হাজী আরশাদ আলী কলেজের সভাপতি বানিয়ে নিজের ছেলেকে অফিস সহকারী পদে নিয়োগ দিয়েছে আর অন্য দুই প্রার্থীর নিটে থেকে ২৩লাখ টাকা বাণিজ্য করেছে। তাদের মধ্যে তমাল হোসেনের নিকট থেকে ১৫ লাখ এবং িআশক রহমানের নিকট থেকে ৮লাখ টাকার নিয়োগ বাণিজ্য করেছে। এছাড়া ইউনিয়নের অন্যান্য স্কুলেও প্রভাব একাধিক প্রার্থীর নিয়োগের টাকা হাতিয়ে নিয়েছে।

ঘোড়াগাছা মাধ্যমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক শিল্পি খাতুন বলেন, চেয়ারম্যান শরফতদৌলা ঝন্টু তার নিজের মত স্কুলের কমিটি গঠন করেছিলো । পরে নিয়োগ দিয়েছে। এতে আমার কোন হাত নেই। আমি প্রধান শিক্ষক বাধ্য হয়ে সব সময় সব কাজে স্বাক্ষর করেছি।

ভাতুড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক কাজী ইউনুচ আলী বলেন, আমি বংশীয় লোক। আমি নিয়োগ দিয়ে কোন টাকা/ঘুষ নিইনি। মাত্র ৩ লক্ষ টাকা নিয়োগের খরচ বাবদ নেওয়া হয়েছিলো। নিয়োগের খরচের পর বাকী টাকা বিদ্যালয়ের রুম করা হয়েছে ও সভাপতির নিকটে আছে।

কাপাশহাটীয়া হাজী আরশাদ আলী ডিগ্রী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ জাকির হোসেন বলেন, সরকরী নিয়ম মাফিক নিয়োগ হয়েছে। বাকীটা সভাপতি জানেন।

কাপাশহাটীয়া ইউনিয়নের চেয়ারম্যান শরফতদৌলা ঝন্টু বলেন, টাকা পয়সা দিয়ে কাওকে চাকুরী দিই নি। এর কোন ভিত্তি নেই। এসব ভিত্তিহীন কথা।

মুজিবনগরে কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

মুজিবনগরে গ্রামের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর আর্থসামাজিক উন্নয়নে সহযোগিতার মাধ্যমে সাধারণ মানুষকে প্রতিষ্ঠিত করার প্রত্যয়ে।

২০১৭ সালে মুজিবনগর উপজেলার সোনাপুর গ্রামে গড়ে ওঠে মুজিবনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন। গ্রামের সাধারণ জনগোষ্ঠীর নিজেদের টাকার সঞ্চয় দিয়ে তিল তিল করে গড়ে ওঠে মুজিবনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন। এই ক্রেডিট ইউনিয়ন স্বচ্ছতার মাধ্যমে বিভিন্ন স্কিম এর আওতায় তাদের ৯৮৬ জন সদস্যদেরকে সেবা দিয়ে যাচ্ছে।

সেই ক্রেডিট ইউনিয়ন মুজিবনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর ৭ তম বার্ষিক সাধারণ সভা -২০২৪ অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার (১১ ফেব্রুয়ারি) সকাল সাড়ে নয় টার সময় মুজিবনগর কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন এর অফিস প্রাঙ্গনে এই সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের চেয়ারম্যান মনিরুল ইসলামের সভাপতিত্বে এবং কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের সদস্য ওমর ফারুকের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা সমবায় অফিসার জহুরুল ইসলাম।

প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন, মুজিবনগর কো অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের সাধারণ সম্পাদক রকিবুল ইসলাম।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ,বাগোয়ান ইউনিয়ন পরিষদের ৩ নং ওয়ার্ড সদস্য সোহরাব হোসেন, মুজিবনগর কো অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের সহ সভাপতি জাহাঙ্গীর আলম, জেনারেল ম্যানেজার মতিয়ার রহমান, সদস্য শাহজাহান গাজী।

এসময় মুজিবনগর কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের কর্মকর্তা ও কর্মচারী এবং মুজিবনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের ৯৮৬ জন সদস্য ও সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।